

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২১৬.২৩. ৮-২৭

তারিখ : ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত 'জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সেবাসমূহ মাইগভ প্র্যাটফর্মে উন্মুক্তকরণ' এবং 'Cyber Security in Daily Life' শীর্ষক সেমিনার ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন নাহার হেনা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার। অনুষ্ঠানের শুরুতে তিনি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নাগরিক সেবাসমূহ মাইগভ প্র্যাটফর্মে উন্মুক্তকরণ করেন। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর যুগ্ম প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) মোল্লা মিজানুর রহমান।

প্রধান অতিথি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, তীর বক্তব্যে বলেন- সরকার নাগরিকদের কামেলামুক্ত সেবা প্রদান করতে চায়। এজন্য দরকার একটা সমন্বিত প্র্যাটফর্ম। এ উদ্দেশ্যে এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর সহযোগিতায় সরকার myGov প্র্যাটফর্ম তৈরি করেছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তার প্রধান সেবাসমূহ myGov-এ অন্বেষণ করায় আমি অত্যন্ত আনন্দিত। তিনি আরোও বলেন, আমরা আমাদের সেবাগুলো শতভাগ ডিজিটাইজেশনের আওতায় নিতে চাই। আমাদের সেবাগুলোকে ক্যাশলেস ও পেপারলেস এবং আরও নাগরিকবান্ধব গড়তে চাই। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশের যে স্বপ্ন দেখেছেন তা বাস্তবায়নে অবদান রাখতে চাই।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন নাহার হেনা তীর বক্তব্যে বলেন, বাংলাদেশ সরকার ২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশের ঘোষণা দেয়, ২০২৩ সালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ইন্টারনেটের ব্যবহার সহজলভ্য করেছেন। myGov সম্পর্কে তিনি বলেন, মাইগভ প্র্যাটফর্মের মাধ্যমে নাগরিক জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবাসমূহে-


- অনলাইনে প্রশিক্ষণ কোর্সে আবেদন,
- প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন
- ই-সনদপত্র গ্রহণ,
- অডিটোরিয়াম, বেতার স্টুডিও, টিভি স্টুডিওসহ বিভিন্ন স্থাপনা ভাড়ার আবেদন এবং পেমেণ্ট করতে পারবে।

মুখ্য আলোচক মোল্লা মিজানুর রহমান বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এবং ইউএনডিপি-এর সহায়তায় পরিচালিত এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে 'আমার সরকার বা মাইগভ প্র্যাটফর্মটি তৈরি করা হয়েছে। যা ব্যবহার করে র‍্যাপিড ডিজিটাইজেশন অথবা দ্রুততম সময়ে সরকারি সেবা সমূহকে ডিজিটাইজেশনের কাজ চলমান রয়েছে।

আলোচক তানভীর হাসান জোহা তীর আলোচনায় সাইবার নিরাপত্তার বিভিন্ন ঝুঁকিসমূহ ও করণীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক মো. নজরুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

অন্যান্যদের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক সূফী জাকির হোসেন, পরিচালক এ, কে, এম আজিজুল হক এবং পরিচালক ড. মো. মারুফ নাওয়াজ সেমিনারে আলোচনা করেন। সেমিনারে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং বিভিন্ন গণমাধ্যমকর্মীসহ মোট ৭০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।


9/22/23
(আবদুল হাম্মান)
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। সভাপতি / সাধারণ সম্পাদক, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মুখ্য বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।